দৈনিক
ইত্তেফাক

15 NOV 2017
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৩

# 'বেঙ্গল বই' এর পথচলা শুরু

■ ইত্তেফাক রিপোর্ট

রাজধানীর লালমাটিয়ায় যাত্রা শুরু করলো 'বেঙ্গল বই'। 'বইয়ের মাঝে ডুব' স্লোগানে স্বাগত জানাচ্ছে বইয়ের বিপনিবিতান বেঙ্গল বই। গতানুগতিক ধারার বাইরের এক বইয়ের দোকান, যেখানে মিলছে দেশ-বিদেশের সব স্বনামধন্য প্রকাশনীর উল্লেখযোগ্য বই। চাইলে এক পেয়ালা চা বা কফির সঙ্গে বসে পড়তেও পারবেন পছন্দের বই। পড়তে পড়তে সেই বই বা ম্যাগাজিনটি পছন্দ হলে বাড়িতে নিয়েও যাওয়া যাবে। তবে বিনিময়মূল্য হিসেবে নিজের সংগ্রহ থেকে দুটি বই এখানে দিয়ে যেতে হবে।

ভবনের দোতলা ও তিনতলাজুড়ে আছে দেশি-বিদেশি বই। নিচতলায় সব শ্রেণির পাঠকের জন্য আছে পুরনো বই ও ম্যাগাজিন। দোতলার বারান্দায় বসে কফি খেতে খেতে গল্প করা যাবে। অসুস্থ বা প্রতিবন্ধী হুইলচেয়ারে পুরো জায়গা ঘুরে নিজের পছন্দমাফিক বই কিনতে পারবেন। বইয়ের রাজ্য ছাড়াও এখানে রয়েছে নানা অনুষ্ঠানস্থল। চাইলে যে কেউ এখানে সাহিত্য, কবিতা পাঠ, বইয়ের মোড়ক উন্মোচন করতে পারবেন। পাওয়া যাবে স্বাস্থ্যসম্মত নাস্তা। রয়েছে শিশু-কিশোরদের জন্য স্বপ্নরাজ্য 'আকাশ কুসুম'। শিশুরা এ কর্নারে বসে বই পড়তে পারবে, আঁকতে পারবে। খেলতেও পারবে।

গতকাল বেঙ্গল পাবলিকেশনস থেকে প্রকাশিত অধ্যাপক নিয়াজ জামান সম্পাদিত মুক্তিযুদ্ধের ব্যক্তিক আখ্যান 'স্টোরিস ফ্রম দি এজ : পারসোনাল নেরেটিভস অব দি লিবারেশন ওয়ার' শীর্ষক বইয়ের মোড়ক উন্মোচনের মধ্য দিয়ে বেঙ্গল বই এর আনুষ্ঠানিক পথচলা। উদ্বোধক ছিলেন প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক বিষয়ক উপদেষ্টা ড. গওহর রিজভী এবং ইমেরিটাস প্রফেসর ড. আনিসুজ্জামান। এ সময় বেঙ্গল ফাউন্ডেশনের চেয়ারম্যান আবুল খায়ের লিটু ও মহাপরিচালক লুভা নাহিদ চৌধুরী উপস্থিত ছিলেন। বই নিয়ে আলোচনা করেন গ্রন্থটির সম্পাদক অধ্যাপক নিয়াজ জামান।

বেঙ্গল বই এর যাত্রা শুরু উপলক্ষে ১৮ নভেম্বর পর্যন্ত পাঁচ দিনের অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। আগামী চার দিনই সকাল-সন্ধ্যা গান, আড্ডা, গল্প, বই প্রকাশনা ও চলচ্চিত্র প্রদর্শনের মধ্য দিয়ে মুখর থাকবে লালমাটিয়ার ডি ব্লকের ১/৩ ঠিকানায় বেঙ্গল বই প্রাঙ্গণ।